দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 5 MAR 19
পৃষ্ঠা ১ কলাম ৫

0 5 MAR 1988

# ছাত্র সংঘর্ষঃ আহত ৪০ঃ ইসলামী ভার্সিটি বন্ধ ঘোষণা

(নিজস্ব সংবাদদাতা)

টঙ্গী, ৪ঠা মার্চ।—টঙ্গী ইসলামী বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে এক সংঘর্ষে ৪০ জন আহত হয়েছে। সংঘর্ষ চলাকালে ৩১টি রুম ভাংচুর ও আসবাবপত্রে অগ্নি সংযোগ করা হয়। এ সময় বেশ কয়েকটি ককটেল বিস্ফোরিত হয়। সংঘর্ষে রাম দা, হকিস্টিকসহ

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্র সংঘর্ষ

(প্রথম পৃঃ পর)

অন্যান্য অস্ত্র ব্যবহৃত হয়। সংঘর্ষের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ ১৬ই মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন। আজ সকাল ১০টার মধ্যে সকল আবাসিক ছাত্রদের ক্যাম্পাস ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে।

প সংঘর্ষের সূত্রপাত একটি মিছিলকে কেন্দ্র করে। বৃহস্পতিবার রাতে ইসলামী ছাত্র শিবির চট্টগ্রামে শিবির নেতা হত্যার প্রতিবাদে একটি মিছিল বের করেছিল এবং প্রতিপক্ষ ছাত্র সংগঠনের বিরুদ্ধে শ্লোগান দিয়েছিল। এরই জের হিসেবে শুক্রবার রাতে দু' গ্রুপের মধ্যে কথা কাটাকাটি ও পরে সংঘর্ষ হয়।

এদিকে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে আজ বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্র বিক্ষোভ মিছিল বের করে।

ইসলামী ছাত্র শিবির ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের জন্য বহিরাগত ছাত্র সংগ্রাম পরিষদের কর্মীদের দায়ী করেন।